

# কোভিড ১৯ এবং ডাউন সিনড্রোম T21RS সার্ভে, রিপোর্ট অক্টোবর ২২, ২০২০



## কিছু নতুন তথ্য

ইতিপূর্বে আমরা শুধুমাত্র ডাউন সিনড্রোম ও কোভিড ১৯ আক্রান্ত রোগীদের পর্যবেক্ষণ করেছি (জানবার জন্য আগের তথ্যগুলি দেখুন)

ডাউন সিনড্রোম আক্রান্ত নন এরকম একটি বৃহৎ জনগোষ্ঠীর সাথে তুলনামূলক আলোচনার মাধ্যমে আমরা কোভিড ১৯ এর গতিপ্রকৃতিতে ব্যাপক পার্থক্য লক্ষ্য করেছি।

## তথ্য সূত্র

**T21RS** সমীক্ষা - কোভিড ১৯ আক্রান্ত ডাউন সিনড্রোম রোগীদের জন্য



৮০১ জন কেস (৪২২ জন হাসপাতালে ভর্তি)  
৮০১ জন কেসের মধ্যে ৬০% সেরে উঠেছেন; ১৪% রোগীর মৃত্যু হয়েছে

UK ISARIC4 C সমীক্ষা যারা কোভিড ১৯ আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন



১০০ জন কেস ডাউন সিনড্রোম আক্রান্ত  
৪০০ নিরপেক্ষ কেস (৫৮৯১৬ কেসের মধ্যে যাদের ডাউন সিনড্রোম রয়েছে) এবং ১০০ জন ডাউন সিনড্রোম আক্রান্ত (৪২২ জন T21RS কেস এর মধ্যে) যাদের বয়স, লিঙ্গ এবং জাতিগত ভাবে সাম্যতা রয়েছে তুলনা করবার জন্য।

## যে বার্তাগুলি আমাদের মনে রাখতে হবে

### হাসপাতালে ভর্তি রোগীদের ক্ষেত্রে:

- জ্বর, কাশি এবং শ্বাসকষ্টের সাথে চেতনার লোপ এবং বিভ্রান্তি একটি সাধারণ লক্ষণ।
- ফুসফুসের সমস্যা একটি সাধারণ ঘটনা।
- ডাউন সিনড্রোম আক্রান্ত নন এরকম ষাটোর্দ্ধ মানুষের তুলনায় ৪০ বছর বয়সের পর মৃত্যুর ঝুঁকি যথেষ্ট বৃদ্ধি পায়।

### শিশু রোগীদের ক্ষেত্রে:

- ৮০০ এর অধিক কোভিড ১৯ আক্রান্ত শিশুরোগীদের মধ্যে সামান্য কয়েকজন শিশু মারা গিয়েছে।
- ডাউন সিনড্রোম আক্রান্ত বা আক্রান্ত নন এরকম রোগীদের মধ্যে কোভিড ১৯ ভাইরাসের বিশেষ কোন প্রভাব দেখা যায় নি।

### প্রবল ঝুঁকির কারণ:

- কোভিড ১৯ এ ঝুঁকির কারণগুলি সাধারণ জনসংখ্যার ঝুঁকির কারণগুলির মতই মারাত্মক।
- পূর্বের অনুসন্ধানগুলি নিশ্চিত করে নতুন গ্রুপগুলির সাথে তুলনামূলক বিশ্লেষণ করা হয়েছে। (জানবার জন্য পূর্বের তথ্যগুলি দেখুন) (<https://www.t21rs.org/re-sults-from-covid-19-and-down-syndrome-survey/>)

## কোভিড ১৯ এর জন্য হাসপাতালে ভর্তি রোগীদের বিভিন্ন রোগলক্ষণ

ডাউন সিনড্রোম আক্রান্ত বা আক্রান্ত নন এরকম রোগীদের ক্ষেত্রে যে যে রোগলক্ষণগুলি সব থেকে বেশি দেখা যায়



জ্বর



কাশি



শ্বাসকষ্ট

ডাউন সিনড্রোম আক্রান্তদের যে রোগলক্ষণগুলি সব থেকে বেশি দেখা যায়



চেতনালোপ এবং বিভ্রান্তি

ডাউন সিনড্রোম আক্রান্তদের যে রোগলক্ষণগুলি বিশেষ দেখা যায় না



অস্থিসন্ধিতে এবং পেশীতে ব্যাথা



বমি/ গা গুলোনো ভাব

বিঃ দ্রঃ - ডাউন সিনড্রোম আক্রান্ত কিছু পেশেন্টদের ক্ষেত্রে কিছু রোগ লক্ষণ চিহ্নিত করা সমস্যাজনক হয়েছে কারণ কারণ তারা নিজে থেকে রিপোর্ট করেননি। (যেমন পেশির ব্যাথা/ বমিভাব)

## কোভিড ১৯ এর জন্য হাসপাতালে ভর্তি রোগীদের বিভিন্ন চিকিৎসাগত সমস্যা

### ডাউন সিনড্রোম পেশেন্টদের ক্ষেত্রে যেগুলি খুবই সাধারণ



ফুসফুসের সমস্যা (ভাইরাল/ ব্যাকটেরিয়াল নিউমোনিয়া এবং তীব্র শ্বাসপ্রশ্বাস জনিত সমস্যা)

### ডাউন সিনড্রোমে আক্রান্ত নন এরকম পেশেন্টদের সাধারণ কিছু সমস্যা



হৃদযন্ত্রের সমস্যা




কিডনির সমস্যা



রক্তাশ্রিতা

## ৪০ বছর বয়সের উর্ধ্ব হাসপাতালে ভর্তি ডাউন সিনড্রোম রোগীদের মৃত্যুর ঝুঁকি অনেক বেশি!



উদাহরণ হিসেবে বলা যায়, ৪০ বছর বা ততোর্দ্ধ বয়সী কোন ডাউন সিনড্রোম রোগীর মৃত্যুর ঝুঁকি, একজন ডাউন সিনড্রোমে আক্রান্ত নন এরকম ৮০ বা ততোর্দ্ধ বয়সী মানুষের মৃত্যুর ঝুঁকির প্রায় সমতুল (বাঁদিকের পরিসংখ্যানটি দেখুন)



মৃত্যুর ঝুঁকি = ৪৫%



≥ বয়স ৪০ যিনি ডাউন সিনড্রোম আক্রান্ত

≥ বয়স ৮০ যিনি ডাউন সিনড্রোম আক্রান্ত নন

হাসপাতালে ভর্তির পর মৃত্যুর হার (UK তে ডাউন সিনড্রোম আক্রান্ত রোগীদের সাথে তুলনামূলক আলোচনা করা হয়েছে যারা বয়স, লিঙ্গ এবং জাতিগত দিক থেকে একই।

	যারা ডাউন সিনড্রোম আক্রান্ত		যারা ডাউন সিনড্রোম আক্রান্ত নন
	T21RS সমীক্ষা	UK সমীক্ষা	UK সমীক্ষা
তরুণ (<বয়স ৪০)	৬%	১২%	৩%
বয়স্ক (>বয়স ৪০)	৪৩%	৪৯%	১৭%

কোভিড ১৯ আক্রান্ত কিছু ডাউন সিনড্রোম শিশু মারা গিয়েছে, যা সাধারণ জনসংখ্যার অনুরূপ। শিশুদের ওপর কোভিড ১৯ এর মারাত্মক ঝুঁকির কারণগুলি নিরূপণ করবার জন্য আরো তথ্য প্রয়োজন।

## সমীক্ষার সীমাবদ্ধতাঃ

- বর্তমানে ডাউন সিনড্রোম আক্রান্ত রোগীদের আয়ু গড়ে প্রায় ৬০ বছর। কিন্তু সাধারণ জনসংখ্যার মধ্যে কোভিড সংক্রান্ত মৃত্যুর ঝুঁকি ৮০ বছর বয়সীদের মধ্যে সবথেকে বেশি। এই কারণে ডাউন সিনড্রোম আক্রান্ত এবং ডাউন সিনড্রোম আক্রান্ত নন এরকম জনগোষ্ঠীর মধ্যে কোভিডে মৃত্যুর ঝুঁকির তুলনামূলক আলোচনা করা বেশ কঠিন।
- শিশুদের এবং বয়ঃসন্ধিপ্রাপ্ত কিশোরদের ওপর কোভিড ১৯ এর মারাত্মক ঝুঁকির কারণগুলি নিরূপণ করবার জন্য আরো তথ্য প্রয়োজন। নতুন প্রাপ্তবয়স্কদের তথ্যের সাথে শিশুদের তথ্যের তুলনামূলক আলোচনা করা সম্ভব নয়।
- এরকম অনেক অজানা তথ্য থাকতে পারে যে কারণে ডাউন সিনড্রোম রোগী বা সাধারণ জনগোষ্ঠীর মধ্যে হাসপাতালে ভর্তির হওয়ার কারণ ভিন্ন ভিন্ন।
- শুধু কোভিড ১৯ আক্রান্তদের ব্যাপারে আলোচনা করা হয়েছে, সুতরাং ইনফেকশন হওয়ার ঝুঁকির সম্বন্ধে কোন কিছু জানা যায়নি।
- T21RS তথ্য বিভিন্ন দেশ এবং বিভিন্ন স্বাস্থ্যসংস্থার তত্ত্বাবধানে জোগাড় করা হয়েছে যা কোভিড ১৯ এর সাথে ডাউন সিনড্রোম রোগীদের তথ্যের সখ্যাত ঘটাতে পারে।